

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 21-12-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Bangladesh :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, বাংলাদেশে অশান্তির পরিপ্রেক্ষিতে রাজ্যের সীমান্তে নজরদারি বাড়ানো হয়েছে। গতকাল আগরতলা প্রজ্ঞা ভবনে পুলিশের পদস্থ আধিকারিকদের সঙ্গে রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে পর্যালোচনা বৈঠকের পর মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন বাংলাদেশের ঘটনাবলির পরিপ্রেক্ষিতে রাজ্যে যাতে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা না ঘটে সে বিষয়ে কড়া নজরদারির জন্য পুলিসকে নির্দেশ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

**NHM :**

সারা দেশের সঙ্গে রাজ্যও আজ জাতীয় পালস পোলিও দিবস উপলক্ষ্যে টিকাকরণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গতকাল আগরতলায় জাতীয় স্বাস্থ্য মিশন-ত্রিপুরার অধিকর্তা সাজু ওয়াহিদ জানিয়েছেন, রাজ্যের প্রতিটি এলাকায় অস্থায়ী টিকাকরণ কেন্দ্র, স্কুল, উপ-স্বাস্থ্যকেন্দ্র, অঙ্গনওয়াড়ি কেন্দ্র ও হসপাতালগুলিতে টিকাকরণের বিশেষ শিবিরের আয়োজন করা হবে।

এই অভিযানে ৫ বছর বয়স পর্যন্ত প্রায় ৩ লক্ষ ৪০ হাজার ৮৭৪ জন শিশুকে পোলিও টিকা দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। যে সমস্ত শিশু ২১শে ডিসেম্বর টিকা নিতে পারবে না, তাদের ২২ ও ২৩শে ডিসেম্বর স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে টিকা দেবেন।

এদিকে, আজ জাতীয় টিকাকরণ দিবসে খোয়াই জেলাভিত্তিক মূল অনুষ্ঠানটি হবে চেবরি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে। উত্তর প্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. দীপক হালদার গতকাল সাংবাদিক সম্মেলনে জানান, আজ উত্তর জেলায় ৪৫ হাজার ৭৭৫ জন শিশুকে টিকাকরণের আওতায় আনা হবে।

\*\*\*\*\*

### **PM-West Bengal and Assam :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আসামের গুয়াহাটিতে লোকপ্রিয় গোপীনাথ বরদলই আন্তর্জাতিক বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের গতকাল উদ্বোধন করেন। তিনি বিমানবন্দরের নতুন টার্মিনালের বাইরে আসামের প্রথম মুখ্যমন্ত্রী গোপীনাথ বরদলইয়ের ৮০ ফুট উঁচু একটি মূর্তির আবরণ উন্মোচন করেন। নতুন টার্মিনাল ভবনটি আসামের জীববৈচিত্র্য এবং সাংস্কৃতিক গ্রন্থিতা থেকে অনুপ্রেরণা নিয়ে নির্মিত হয়েছে, যার ভাবনা "বাঁশের অর্কিড"। পরে, গুয়াহাটিতে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে তিনি বলেন যে গত ১১ বছরে রাজ্যে কয়েক লক্ষ কোটি টাকার বেশ কয়েকটি মেগা এবং গ্রন্থিতাসিক পরিকাঠামো প্রকল্প শুরু হয় এবং সম্প্রসারণ হয়।

এর আগে প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গ সফর করেন। ওই রাজ্যে তিনি প্রায় ৩,২০০ কোটি টাকার জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন করেন। বক্তব্য রাখতে গিয়ে তিনি পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেস সরকারের তীব্র সমালোচনা করেছেন।

\*\*\*\*\*

### **CM - police review meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা গতকাল প্রজ্ঞা ভবনে পুলিশের পদস্থ আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন। অপরাধ নিয়ন্ত্রণে রাজ্য সরকার জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। এ কারণে অপরাধও কমছে।

এ বছর নভেম্বর পর্যন্ত রাজ্যে সব ধরনের অপরাধ ৯ শতাংশ কমেছে। তিনি জানান, ২০২৩ সালে রাজ্যে ৫০০২টি অপরাধমূলক ঘটনা হয়েছিল। এবছর নভেম্বর পর্যন্ত এ সংখ্যা কমে দাঁড়িয়েছে ৩৩৮৬ তে। যান দুর্ঘটনা মৃত্যু সংখ্যা কমলেও আরো বেশি হটস্পট চিহ্নিত করতে নির্দেশ দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে মহিলাদের বিরুদ্ধে অপরাধ এ বছর ৭ শতাংশ কমেছে। ২০২৩ সালে মহিলাদের বিরুদ্ধে অপরাধের ৭৯১ টি মামলা হয়েছিল। এবছর নভেম্বর পর্যন্ত এ সংখ্যা নেমে দাঁড়িয়েছে ৬২৭ এ। মামলায় চার্জশিট দেওয়ার ক্ষেত্রে সরকারি আইনজীবীদের সঙ্গে ওসি এবং তদন্তকারী অফিসারদের আরো বেশি সমন্বয় বজায় রাখতে তিনি নির্দেশ দিয়েছেন।

বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্য সচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ সহ পদস্থ আধিকারিকরা।

\*\*\*\*\*

### **Tirthamukh Mela :**

আসন্ন ডিসেম্বর তীর্থমুখ মেলা ২০২৬-কে সুশৃঙ্খলভাবে সম্পন্ন করার লক্ষ্যে মহাকরণে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মার পৌরহিত্যে প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। গতকালের এই বৈঠকে উপস্থিত ছিলেন গোমতী জেলার শীর্ষ প্রশাসনিক আধিকারিক, নিরাপত্তা ও স্বাস্থ্য দপ্তরের আধিকারিকরা। মেলা উপলক্ষে পরিকাঠামো উন্নয়ন থেকে শুরু করে যাতায়াত ব্যবস্থা, পানীয় জল ও বিদ্যুৎ সরবরাহ, স্বাস্থ্য ও স্যানিটেশন, নিরাপত্তা পরিকল্পনা, পর্যটন প্রচার এবং সাংস্কৃতিক আয়োজন সহ সার্বিক প্রস্তুতির প্রতিটি দিক পর্যালোচনা করা হয়।

\*\*\*\*\*

### **Bar Council Election:**

আগামী ১৪ ফেব্রুয়ারি বার কাউন্সিল অব ট্রিপুরার নির্বাচন অনুষ্ঠিত হবে। গতকাল আগরতলায় ট্রিপুরা হাইকোর্ট চতুরে নির্বাচনের দায়িত্বে থাকা রিটার্নিং অফিসার তথা অবসরপ্রাপ্ত বিচারপতি স্বপন চন্দ্র দাস সাংবাদিক সম্মেলনে এই ঘোষণা দেন। তিনি জানান, নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। রাজ্যের সমস্ত আদালতে আইনজীবীরা এই নির্বাচনে ভোট দেবেন। আগামী ২৫ ফেব্রুয়ারি আনুষ্ঠানিক ফলাফল ঘোষণা করা হবে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন বার কাউন্সিলের বর্তমান চেয়ারম্যান রতন দত্ত, ভাইস চেয়ারম্যান কাকলী দেব, সম্পাদক রাণগোপাল চক্রবর্তী প্রমুখ।

\*\*\*\*\*

### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৯তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিপ্রিয় চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্গ পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.১ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*